রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, সেপ্টেম্বর ১৮, ২০১১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়

প্রজ্ঞাপন

তারিখ, ২৭ ভাদ্র ১৪১৮/১১ সেপ্টেম্বর ২০১১

এস. আর. ও. নং ২৮৫-আইন/২০১১।—মৎস্যখাদ্য ও পশুখাদ্য আইন, ২০১০ (২০১০ সনের ২নং আইন) এর ধারা ২২ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা:—

১। সংক্ষিপ্ত শিরোনাম।—এই বিধিমালা মৎস্যখাদ্য বিধিমালা, ২০১১ নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞা।—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে এই বিধিমালায়—

(ক) "আইন" অর্থ মৎস্যখাদ্য ও পশুখাদ্য আইন ২০১০ (২০১০ সনের ২নং আইন);

(খ) "আদর্শ মাত্রা" অর্থ আইনের ধারা ১০ এর অধীন তফসিল ৬ এ বর্ণিত মৎস্যের পুষ্টি সাধন ও স্বাভাবিক বৃদ্ধির জন্য মৎস্যখাদ্যে প্রয়োজনীয় মাত্রার উপাদান, যেমনঃ আমিষ, স্নেহ, শর্করা, ভিটামিন, খনিজ লবণ, আর্দ্রতা ভস্ম, আঁশ ইত্যাদি উপাদানের এবং সময় সময় মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর কর্তৃক নির্ধারিত মাত্রা;

(গ) "কারিগরি জনবল" অর্থ মৎস্য খাদ্য উৎপাদন, প্রক্রিয়াকরণ, নমুনা সংরক্ষণাগারে স্থায়ী বা অস্থায়ী ভিত্তিতে নিয়োগপ্রাপ্ত কর্মচারী;

(ঘ) "খাদ্যদ্রব্য" অর্থ তফসিল ৩(ক), ৩(খ) ও ৩(গ) এ বর্ণিত মৎস্যখাদ্যে ব্যবহৃত বিভিন্ন খাদ্যে উপকরণ, উপকরণের মিশ্রণ, ফিড বাইন্ডার (Feed binder), ফিড এডিটিভস (Feed additives) এবং খাদ্য সংরক্ষক (Feed preservatives) এবং সময় সময় মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর কর্তৃক নির্ধারিত খাদ্যদ্রব্য;



মূল্যঃ টাকা ১২.০০

(ঙ) "তফসিল" অর্থ এই বিধিমালার সংযোজিত তফসিল;

(চ) "ফরম" অর্থ এই বিধিমালার সংযোজিত কোন ফরম;

(ছ) "ফিড প্রিজারভেটিভ" অর্থ বর্ণিত মৎস্য খাদ্যে ব্যবহৃত এমন উপাদান যাহা খাদ্য দ্রব্যের পুষ্টিমান ও বাহ্যিক বৈশিষ্ট্যসমূহ দীর্ঘ সময় পর্যন্ত সংরক্ষণ করে;

(জ) "ফিড এডিটিভস" অর্থ তফসিল ৪ এ বর্ণিত মৎস্যখাদ্যে মিশ্রিত উপাদান যাহা পুষ্টিযুক্ত বা পুষ্টিবিহীন এবং মৎস্যখাদ্যের প্রতি আকর্ষণ ও গ্রহণযোগ্যতা বাড়ায়;

(ঝ) "ফিড বাইন্ডার" অর্থ তফসিল ৫ এ বর্ণিত মৎস্যখাদ্যে ব্যবহৃত উপাদান যাহা খাদ্য উপকরণসমূহ নির্দিষ্ট সময়ের জন্য সংযুক্ত করিয়া রাখে যাহাতে উপকরণসমূহ দ্রুত আলাদা না হইয়া পড়ে;

(ঞ) "ফি" অর্থ আইনের ধারা ৮ এর অধীন প্রদেয় বিধি ৫ এ উল্লিখিত ফি; এবং

(ট) "লাইসেন্সিং কর্তৃপক্ষ" অর্থ আইনের ধারা ৫ এ সংজ্ঞায়িত লাইসেন্সিং কর্তৃপক্ষ।

৩। **লাইসেন্স এর জন্য আবেদনের পদ্ধতি ও ফরম।**—(১) আইনের ধারা ৬ এর অধীন লাইসেন্সের জন্য কোন ব্যক্তি বিধি ৪ এ উল্লিখিত কাগজপত্র ও তথ্যাদিসহ শর্তাবলী পূরণক্রমে ফরম-১ বা, ক্ষেত্রমত, ফরম-২ বা ফরম-৩ এ লাইসেন্সিং কর্তৃপক্ষের নিকট আবেদন করিতে পারিবেন।

(২) উপ-বিধি (১) এর অধীন আবেদনে উল্লিখিত তথ্য যাচাই বাছাই ও বিবেচনার জন্য লাইসেন্সিং কর্তৃপক্ষ সংশ্লিষ্ট কারখানা, সংরক্ষণাগার, প্রতিষ্ঠান বা স্থান পরিদর্শন করিতে বা প্রয়োজনবোধে তদসংশ্লিষ্ট অন্য যে কোন তথ্য চাহিতে পারিবে।

(৩) লাইসেন্সিং কর্তৃপক্ষ আবেদনপত্র ও উহার সহিত সংযুক্ত তথ্য ও কাগজাদি যাচাই বাছাই করিবার পর সন্তুষ্ট হইলে সংশ্লিষ্ট কোড বা খাতে বিধি ৫ এ উল্লিখিত লাইসেন্স ফি পরিশোধের জন্য আবেদনকারীকে লিখিতভাবে অবহিত করিবেন।

(৪) আবেদনকারী উপ-বিধি (৩) অনুসারে অবহিত হইবার পর উল্লিখিত বিধি ৫ এ উল্লিখিত লাইসেন্স ফি নির্ধারিত খাতে পরিশোধ করিলে লাইসেন্সিং কর্তৃপক্ষ আইনের ধারা ৬ এর বিধান সাপেক্ষে ফরম ৪ এ আবেদনকারী বরাবর লাইসেন্স ইস্যু করিবেন।

(৫) উপ-বিধি (১) এর অধীন প্রাপ্ত আবেদন যাচাই-বাছাই ও পরীক্ষা-নিরীক্ষার পর লাইসেন্সিং কর্তৃপক্ষের নিকট যদি প্রতীয়মান হয় যে, আবেদনকারী লাইসেন্স প্রাপ্তির জন্য বিধি ৪ এ উল্লিখিত শর্তাবলী পালন করিতে সক্ষম হন নাই, তাহা হইলে তিনি আইনের ধারা ৪ এর উপ-ধারা (২) অনুযায়ী না মঞ্জুর করিয়া ফরম ৫ এ আবেদনকারীকে অবহিত করিবেন।

৪। **লাইসেন্স প্রাপ্তির শর্তাবলী**।—আইনের ধারা ৬ অনুযায়ী লাইসেন্স প্রাপ্তির জন্য প্রত্যেক আবেদনকারীকে নিম্নবর্ণিত ৩ (তিন) টি ক্যাটাগরিতে উল্লিখিত শর্তাবলী পূরণ করিতে হইবে, যথাঃ—

(ক) **ক্যাটাগরি-১** ঃ মৎস্যখাদ্য উৎপাদন, প্রক্রিয়াজাতকরণ, সংরক্ষণ ও বিপণন সংক্রান্ত লাইসেন্সের শর্তাবলী ঃ—

(১) হালনাগাদ আয়কর সনদ থাকিতে হইবে;

(২) ভ্যাট রেজিস্ট্রেশন সনদ থাকিতে হইবে;

(৩) কারিগরি জনবল থাকিতে হইবে [(বিধি ২ (গ)];

(৪) তফসিল ১ ও ২ এ বর্ণিত সুবিধাদি বিদ্যমান থাকিতে হইবে;

(৫) বার্ষিক মৎস্যখাদ্য উৎপাদন, প্রক্রিয়াজাতকরণ ও সংরক্ষণ ক্ষমতার তথ্যাবলি থাকিতে হইবে;

(৬) মৎস্যখাদ্য উপকরণের মাত্রা এবং পুষ্টিমান নির্ধারণের জন্য তফসিল ৩(ক), ৩(খ) ও ৩(গ) তে বর্ণিত শর্তাবলী প্রতিপালন করিতে হইবে; এবং

(খ) **ক্যাটাগরি-২** ঃ মৎস্যখাদ্য উপকরণ আমদানি ও রপ্তানি সংক্রান্ত লাইসেন্সের শর্তাবলী ঃ

(১) আমদানি ও রপ্তানি লাইসেন্স থাকিতে হইবে;

(২) ভ্যাট রেজিস্ট্রেশন সনদ থাকিতে হইবে;

(৩) হালনাগাদ আয়কর সনদ থাকিতে হইবে;

(৪) হালনাগাদ ট্রেড লাইসেন্স থাকিতে হইবে;

(৫) তফসিল ২ এ বর্ণিত সুবিধাদি বিদ্যমান থাকিতে হইবে;

(৬) মৎস্যখাদ্য গুদামজাতকরণ উপযোগী, মানসম্মত ও প্রয়োজনীয় ধারণ ক্ষমতাসম্পন্ন স্থাপনা থাকিতে হইবে;

(৭) বি. এস. টি. আই. (B.S.T.I) হইতে পণ্যের মান সম্পর্কে প্রত্যয়ন থাকিতে হইবে; এবং

(৮) আমদানির ক্ষেত্রে পরিবেশ অধিদপ্তরের প্রত্যয়ন থাকিতে হইবে।

(গ) **ক্যাটাগরি-৩** ঃ মৎস্যখাদ্য বিক্রয় সংক্রান্ত লাইসেন্সের শর্তাবলী ঃ

(১) বিক্রয়স্থলের পূর্ণাঙ্গ ঠিকানা থাকিতে হইবে;

(২) বাজার, হাট বা বন্দরে নির্দিষ্ট দোকানঘর বা স্থাপনা থাকিতে হইবে এবং দূষণমুক্তভাবে মৎস্যখাদ্য সংরক্ষণ করিতে হইবে;

(৩) হাল-নাগাদ ট্রেড লাইসেন্স থাকিতে হইবে; এবং

(৪) মৎস্যখাদ্য মানসম্মত সংরক্ষণের উপযোগী স্থাপনা থাকিতে হইবে।

৫। **লাইসেন্স ফি, নবায়ন ফি ও আপিল ফি।**—আইন ও এই বিধিমালার অন্যান্য বিধানাবলী সাপেক্ষে নিম্নবর্ণিত ছকে উল্লিখিত হারে লাইসেন্স ফি, নবায়ন ফি ও আপিল ফি প্রদান করিতে হইবে, যথাঃ—

**ছক**

| ক্রমিক নং | ক্যাটাগরি | লাইসেন্স ফি (টাকা) | নবায়ন ফি (টাকা) | আপিল ফি (টাকা) |
|---|---|---|---|---|
| (১) | মৎস্যখাদ্য উৎপাদন কারখানা, প্রক্রিয়াজাতকরণ ও সংরক্ষণ (ক্যাটাগরি-১) | ১০,০০০ | ৫,০০০ | ৬,০০০ |
| (২) | মৎস্যখাদ্য উপকরণ আমদানি ও রপ্তানি, সংরক্ষণ (ক্যাটাগরি-২) | ১০,০০০ | ৫,০০০ | ৬,০০০ |
| (৩) | মৎস্যখাদ্য বিক্রয় পাইকারী (ক্যাটাগরি-৩ ক) | ১,০০০ | ৫০০ | ১,০০০ |
| (৪) | মৎস্যখাদ্য বিক্রয় খুচরা (ক্যাটাগরি-৩ খ) | ৫০০ | ৩০০ | ৫০০ |

৬। **মৎস্য খাদ্যে ব্যবহৃত এডিটিভস, ফিড বাইন্ডার এবং উপকরণের আদর্শমাত্রা।**—গুণগত মান বজায় রাখিবার লক্ষ্যে মৎস্যখাদ্য আইনের ধারা ১০ এর অধীন তফসিল ৪ এ উল্লিখিত এডিটিভস, তফসিল ৫ এ উল্লিখিত ফিড বাইন্ডার এবং তফসিল ৬ এ নির্ধারিত আদর্শমাত্রা থাকিতে হইবে এবং উক্ত আদর্শমাত্রা অনুসরণপূর্বক মৎস্যখাদ্য প্রস্তুত করিতে হইবে।

৭। **ক্ষতিকর রাসায়নিক দ্রব্য।**—আইনের ধারা ১৪ এর বিধান মোতাবেক মৎস্যখাদ্যে ব্যবহার নিষিদ্ধ ক্ষতিকর রাসায়নিক দ্রব্যাদির তালিকা তফসিল ৭ ও ৭(ক) এ নির্ধারণ করা হয়েছে।

৮। **মৎস্য খাদ্যে উপকরণসমূহের আদর্শমাত্রা/পুষ্টিমান নির্ণয় পদ্ধতি।**—(১) মৎসখাদ্যের উপকরণের আদর্শমাত্রা নির্ণয়ে বিধি ৯ এ বর্ণিত পদ্ধতি অনুসরণপূর্বক লাইসেন্সিং কর্তৃপক্ষ বা তদকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা সংশ্লিষ্ট নমুনা সংগ্রহকরতঃ নির্দিষ্ট মান নিয়ন্ত্রণ ল্যাবরেটরীতে পরীক্ষা করাইতে পারিবেন।

(২) বাণিজ্যিক মৎস্যখাদ্যের গুণগতমান বা পুষ্টিমান নিম্নবর্ণিত পদ্ধতি দ্বারা নির্ণয় করা যাইবে, যথাঃ—

(ক) আমিষ ঃ জেলডাল পদ্ধতি বা বৈজ্ঞানিকভাবে স্বীকৃত কোন পদ্ধতি;

(খ) তৈল ঃ সলভেন্ট এক্সট্রাকসন (এসিটন/ইথার এক্সট্রাকসন) পদ্ধতি বা বৈজ্ঞানিকভাবে স্বীকৃত কোন পদ্ধতি;

(গ) জলীয় ঃ ১০৫°—১১০° সেলসিয়াস তাপমাত্রায় ওভেন ড্রাইং পদ্ধতি বা বৈজ্ঞানিকভাবে স্বীকৃত কোন পদ্ধতি;

(ঘ) ভস্ম বা ছাই ঃ ৬০০° সেলসিয়াস তাপমাত্রায় ৬(ছয়) ঘন্টা ফার্নেস বার্ণিং পদ্ধতি বা বৈজ্ঞানিকভাবে স্বীকৃত কোন পদ্ধতি;

(ঙ) আঁশ ঃ সলভেন্ট এক্সট্রাকসন এবং এসিড ও অ্যালকালি পদ্ধতি বা বৈজ্ঞানিকভাবে স্বীকৃত কোন পদ্ধতি; এবং

(চ) শর্করা ঃ আমিষ, তৈল, আর্দ্রতা, ছাই এবং আঁশের শতকরা হারে নির্ণয়কৃত মান বাদ দেওয়ার পর বাকী অংশ শর্করা হিসাবে গণ্য করিতে হইবে।

৯। **মৎস্যখাদ্যের উপকরণ পরীক্ষা-নিরীক্ষা পদ্ধতি** ।—দেশে উৎপাদিত বা আমদানীকৃত কোন মৎস্যখাদ্য বাণিজ্যিকভাবে উৎপাদন ও বাজারজাত করিবার যে কোন পর্যায়ে উহার মান যাচাইয়ের উদ্দেশ্যে আইনের ধারা ১১ এর উপ-ধারা (৩) এর অধীন নিম্নরূপ পদ্ধতি অনুসরণ করিতে হইবে, যথা ঃ—

(ক) মৎস্যখাদ্য উৎপাদক, প্রস্তুতকারক, আমদানীকারক, বিক্রেতা, মৎস্যখাদ্য উৎপাদন কারখানা, গুদাম, পরিবহন বা বিক্রয়কারী প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী বা পরিচালক বা সচিব বা ম্যানেজার বা কর্মকর্তা বা কর্মচারী বা প্রতিনিধি এবং লাইসেন্সিং কর্তৃপক্ষ বা তদকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা যৌথভাবে সংগৃহীত নমুনা প্যাকেটবদ্ধ ও সিলগালা করিয়া প্যাকেটে স্বাক্ষর করিবেন, তবে কেহ স্বাক্ষর করিতে অস্বীকার করিলে সেই ক্ষেত্রে দুই জন সাক্ষীর উপস্থিতিতে সংগৃহীত নমুনা প্যাকেটবদ্ধ ও সিলগালা করিতে হইবে;

(খ) লাইসেন্সিং কর্তৃপক্ষ বা ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা সংগৃহীত নমুনা ৭ (সাত) কার্য দিবসের মধ্যে নির্দিষ্ট মান নিয়ন্ত্রণ ল্যাবরেটরিতে পরীক্ষার জন্য প্রেরণ করিবেন;

(গ) নমুনা প্রাপ্তির অনূর্ধ ৩০ (ত্রিশ) দিনের মধ্যে মাননিয়ন্ত্রণ ল্যাবরেটরি মৎস্যখাদ্যের পরীক্ষার প্রতিবেদন লাইসেন্সিং কর্তৃপক্ষের নিকট প্রেরণ করিবেন;

(ঘ) কোন মাননিয়ন্ত্রণ ল্যাবরেটরি ৩০ (ত্রিশ) দিনের মধ্যে পরীক্ষার প্রতিবেদন বা ফলাফল দিতে অপারগতা প্রকাশ করিলে লাইসেন্সিং কর্তৃপক্ষ বা ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা অনুমোদিত অন্য ল্যাবরেটরিতে নমুনা প্রেরণ করিবে। কোন মাননিয়ন্ত্রণ ল্যাবরেটরি মৎস্যখাদ্যের গুণগতমান পরীক্ষায় অপরাগতা প্রকাশ করিলে উক্ত ল্যাবরেটরী কারণ ব্যাখ্যাপূর্বক সংগৃহীত নমুনা অবিকৃত অবস্থায় লাইসেন্সিং কর্তৃপক্ষের নিকট ফেরত প্রদান করিবেন;

(ঙ) কোন মৎস্যখাদ্যে প্রস্তুতকারক পরীক্ষার ফলাফল সম্পর্কে প্রশ্ন উত্থাপন করতঃ লাইসেন্সিং কর্তৃপক্ষ সংগৃহীত নমুনা অন্য কোন অনুমোদিত মাননিয়ন্ত্রণ ল্যাবরেটরিতে পরীক্ষার জন্য অনুরোধ জ্ঞাপন করিলে লাইসেন্সিং কর্তৃপক্ষ বা ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা উক্ত খাদ্যের সংগৃহীত অন্য একটি নমুনা পুনঃপরীক্ষার জন্য অন্য কোন মাননিয়ন্ত্রণ ল্যাবরেটরিতে প্রেরণ করিতে পারিবেন:

(চ) কোন মৎস্যখাদ্য দুইটি মান নিয়ন্ত্রণ ল্যাবরেটরিতে পরীক্ষার পর ভিন্ন রূপ প্রতিবেদন বা ফলাফল পাওয়া গেলে ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা উক্ত মৎস্যখাদ্যের নমুনা ৩য় কোন অনুমোদিত মান নিয়ন্ত্রণ ল্যাবরেটরিতে পরীক্ষা করাইতে পারিবে;

(ছ) কোন মৎস্যখাদ্য ৩টি মান নিয়ন্ত্রণ ল্যাবরেটরিতে পরীক্ষা করা হইলে সেই ক্ষেত্রে যে দুটি মান নিয়ন্ত্রণ ল্যাবরেটরির পরীক্ষার ফলাফল অনুরূপ বা কাছাকাছি হইবে তাহার ভিত্তিতে লাইসেন্সিং কর্তৃপক্ষ উক্ত মৎস্যখাদ্যের পুষ্টিমান বিবেচনা করিবেন; এবং

(জ) দফা (খ) এর ক্ষেত্রে লাইসেন্সিং কর্তৃপক্ষ এবং দফা (ঙ) এবং (চ) এর ক্ষেত্রে মৎস্যখাদ্য প্রস্তুতকারক প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী বা প্রতিনিধি ল্যাবরেটরি পরীক্ষার খরচ বহন করিবেন।

১০। বাজেয়াপ্তকরণ।—কোন মৎস্যখাদ্য ক্ষতিকর বা ভেজাল প্রমাণিত হইলে লাইসেন্সিং কর্তৃপক্ষ আইনের ধারা ১৬ এর অধীন উক্ত মৎস্যখাদ্য এবং মৎস্যখাদ্য উৎপাদন কাজে ব্যবহারের জন্য সংরক্ষিত পণ্য ও যন্ত্রপাতির সমুদয় বা কোন অংশ ফরম ৬ অনুযায়ী বাজেয়াপ্ত করিতে পারিবেন।

## তফসিল-১

### (বিধি-৪ দ্রষ্টব্য)

### মৎস্যখাদ্য উৎপাদন ও প্রক্রিয়াজাতকারী কারখানা স্থাপন, খাদ্য প্রস্তুত, প্রক্রিয়াজাতকরণ, জনবল ইত্যাদির সুবিধাদি ঃ

(ক) মৎস্য খাদ্য উৎপাদন ও প্রক্রিয়াজাতকারী (ক্যাটাগরি-১) কারখানা স্থাপন ও পরিচালনার লক্ষ্যে মৎস্য খাদ্য প্রস্তুত, প্রক্রিয়াজাতকরণ, সংরক্ষণাগার, ল্যাবরেটরি, সংমিশ্রণ, প্যাকিং ইত্যাদির জন্য নিম্নবর্ণিত সুবিধাদি থাকিতে হইবে ঃ

(১) কারখানা ভবন;

(২) মৎস্যখাদ্য প্রক্রিয়াকরণ যন্ত্রপাতি;

(৩) মৎস্যখাদ্য ওজন ও প্যাকিং হাউজ;

(৪) মানসম্মত মৎস্যখাদ্য সংরক্ষণাগার বা গুদাম ঘর;

(৫) যোগাযোগ ব্যবস্থা, পানি, বিদ্যুত, গ্যাস সরবরাহ;

(৬) ল্যাবরেটরি (পরীক্ষাগার) ও প্রয়োজনীয় কারিগরি জনবল;

(৭) মাননিয়ন্ত্রণ ব্যবস্থাপনা ও স্বাস্থ্যসম্মত পরিবেশ;

(৮) বর্জ্য ব্যবস্থাপনা ইউনিট ও পয়নিষ্কাশন সুবিধা; এবং

(৯) নিরাপত্তা প্রাচীর।

(খ) মৎস্য খাদ্য উৎপাদন ও প্রক্রিয়াজাতকারী (ক্যাটাগরি-১) কারখানা স্থাপন ও পরিচালনার লক্ষ্যে নিম্নবর্ণিত যন্ত্রপাতি/সরঞ্জামাদির ইউনিট থাকিতে হইবে ঃ

(১) খাদ্য উপকরণ রিসিভিং ইউনিট;

(২) প্রক্রিয়াজাতকরণ ইউনিট;

(৩) সংমিশ্রণ ইউনিট;

(৪) বয়লার, এয়ার কম্প্রেশার, কন্ট্রোল প্যানেল;

(৫) পিলেটিং ইউনিট;

(৬) মৎস্য খাদ্য ওজনের যন্ত্রপাতিসমূহ; এবং

(৭) প্যাকিং এন্ড লেবেলিং, ট্রেসেবিলিটি তথ্যায়ন ইউনিট ইত্যাদি।

(গ) মৎস্য খাদ্য উৎপাদন ও প্রক্রিয়াজাতকারী (ক্যাটাগরি-১) কারখানা স্থাপন ও পরিচালনার লক্ষ্যে প্রয়োজনীয় দক্ষ ও কারিগরি জনবলের তথ্যাদি।

## তফসিল-২

(বিধি ৪ দ্রষ্টব্য)

**মৎস্যখাদ্য আমদানি-রপ্তানি (ক্যাটাগরি-২) কার্যক্রম পরিচালনার লক্ষ্যে মৎস্যখাদ্য যথাযথ সংরক্ষণ, গুদামজাতকরণ, প্যাকিং ইত্যাদির জন্য প্রয়োজনীয় ভৌত ও গুণগত সুবিধাদি ঃ**

১। তৈরি মৎস্যখাদ্য বা মৎস্য খাদ্যের উপকরণ আমদানির ক্ষেত্রে মৎস্যখাদ্যের আদর্শমাত্রা অনুসরণ এবং যথাযথ সংরক্ষণ ও মাননিয়ন্ত্রণ সুবিধাদি;

২। প্রয়োজনীয় ধারণক্ষমতাসম্পন্ন সংরক্ষণাগার/গুদামঘর; এবং

৩। মৎস্যখাদ্য ওজন ও প্যাকিং যন্ত্রপাতি/সুবিধাদি।

**তফসিল-৩ (ক)**

(বিধি ২ ও ৪ দ্রষ্টব্য)

**মাছ বা চিংড়ির খাদ্যে প্রাণিজ খাদ্যোপাদান ব্যবহারের সর্বোচ্চ মাত্রা ঃ**

| ক্রমিক নং | খাদ্য উপাদান | অশোধিত প্রোটিন (%) | ব্যবহারের সর্বোচ্চ মাত্রা (%) |
|---|---|---|---|
| ১ | ফিসমিল | ৬০—৬৫ | ৫০ |
| ২ | ফিশ সাইলেজ | ৪৫—৭০ | ৩০ |
| ৩ | হাঁস-মুরগির উপজাত মিল | ৫০—৬০ | ২০ |
| ৪ | পোল্ট্রি অফাল মিল | ৬০—৬৫ | ৩০ |
| ৫ | ব্লাড মিল | ৭০—৯০ | ১০ |
| ৬ | বোন মিল | ১০—৩০ | ৫ |
| ৭ | মিট মিল | ৫০—৭০ | ৩০ |
| ৮ | মিট মিল এবং বোন মিল | ৪০—৫০ | ২৫ |
| ৯ | সিল্ক ওয়ার্ম পিউপি | ৪৫—৬০ | ২০ |
| ১০ | শ্রিম্প মিল | ৪৫—৭০ | ২৫ |
| ১১ | শ্রিম্প মিল (মাথা ও লেজ) | ২০—৩০ | ৮ |

**তফসিল-৩ (খ)**

(বিধি ২ ও ৪ দ্রষ্টব্য)

**মাছ ও চিংড়ির খাদ্যে উদ্ভিজ্জ উপাদান ব্যবহারের সর্বোচ্চ মাত্রা ঃ**

| ক্রমিক নং | খাদ্য উপাদান | অশোধিত প্রোটিন (%) | সর্বোচ্চ ব্যবহারের মাত্রা (%) |
|---|---|---|---|
| | **তৈলবীজ এবং ফলের তৈল** | | |
| ১ | সয়াবিন (কাঁচা) | ২৪—২৬ | ১০ |
| ২ | সয়াবিন মিল (দ্রাবক বা যান্ত্রিক ভাবে আহরিত নির্যাস) | ৪০—৪৫ | খাদ্যের প্রোটিনের <৩০% অথবা মিথিওনিন সহযোগে খাদ্যের প্রোটিনের <৭৫% |

| ক্রমিক নং | খাদ্য উপাদান | অশোধিত প্রোটিন (%) | ব্যবহারের সর্বোচ্চ মাত্রা (%) |
|---|---|---|---|
| ৩ | তুলা বীজ খৈল (তৈল নিষ্কাষিত) | ৩০—৪০ | ১৫ |
| ৪ | বাদাম খৈল | ৩০—৫০ | ২৫ |
| ৫ | সূর্যমুখী বীজ খৈল | ৩০—৪০ | ২৫ |
| ৬ | তিসি বীজ খৈল | ৩০—৪০ | ২৫ |
| ৭ | সরিষার খৈল | ৩০—৩৫ | ২০ |
| ৮ | রাই সরিষার খৈল | ৩০—৪০ | ২০ |
| | **দানা জাতীয় শস্য** | | |
| ১ | চালের কুঁড়া (অটো) | ১০—১৪ | ৭৫ |
| ২ | গম ভাঙ্গা (ময়দা) | ১২—১৪ | ২০ |
| ৩ | গমের ভুষি (মিহি) | ১২—১৬ | ৫০ |
| | **শীম জাতীয় শস্য (legumes)** | | |
| ১ | ইপিল-ইপিল পাতার মিল | ২৫—২৮ | ২০ |
| | **জলজ উদ্ভিদ** | | |
| ১ | শুকনা এ্যাজোলা মিল | ২০—২৫ | [illegible] |
| ২ | শুকনা ক্ষুদিপানা | ১৮—২০ | ২৫ |

**তফসিল ৩ (গ)**

**(বিধি ২ ও ৪ দ্রষ্টব্য)**

**মৎস্যখাদ্যে ব্যবহৃত প্রচলিত/বাজারজাত মানসম্মত খাদ্য উপাদান ও পুষ্টিমান**

**(ক) ফিশ মিল**

| পুষ্টি উপাদান | | |
|---|---|---|
| আর্দ্রতা | ঃ | ১৪% সর্বোচ্চ |
| আমিষ | ঃ | ৪০% সর্বনিম্ন |
| স্নেহ/তেল | ঃ | ০৭% সর্বনিম্ন |
| ভস্ম বা ছাই | ঃ | ২০% সর্বোচ্চ |
| ক্যালসিয়াম | ঃ | ০৬% সর্বোচ্চ |
| ফসফরাস | ঃ | ০২% সর্বনিম্ন |

**(খ) মিট ও বোন মিল**

| পুষ্টি উপাদান | | |
|---|---|---|
| আর্দ্রতা | ঃ | ১২% সর্বোচ্চ |
| আমিষ | ঃ | ৪০% সর্বনিম্ন |
| স্নেহ/তেল | ঃ | ০৭% সর্বনিম্ন |
| ভস্ম বা ছাই | ঃ | ৩০% সর্বোচ্চ |
| ফাইবার (আঁশ) | ঃ | ১০% সর্বোচ্চ |
| ক্যালসিয়াম | ঃ | ১১% সর্বোচ্চ |
| ফসফরাস | ঃ | [illegible]% সর্বনিম্ন |

(গ) মিট মিল

| পুষ্টি উপাদান | | |
|---|---|---|
| আর্দ্রতা | ঃ | ১২% সর্বোচ্চ |
| আমিষ | ঃ | ৫০% সর্বনিম্ন |
| স্নেহ/তেল | ঃ | ০৮% সর্বনিম্ন |
| ভস্ম বা ছাই | ঃ | ২০% সর্বোচ্চ |
| ফাইভার (আঁশ) | ঃ | ০৫% সর্বোচ্চ |
| ক্যালসিয়াম | ঃ | ০৫% সর্বোচ্চ |
| ফসফরাস | ঃ | ০২% সর্বনিম্ন |

(ঘ) সরিষার খৈল

| পুষ্টি উপাদান | | |
|---|---|---|
| আর্দ্রতা | ঃ | ১২% সর্বোচ্চ |
| আমিষ | ঃ | ২৮% সর্বনিম্ন |
| স্নেহ/তেল | ঃ | ০৭% সর্বনিম্ন |
| ভস্ম বা ছাই | ঃ | ১০% সর্বোচ্চ |
| ফাইভার (আঁশ) | ঃ | ১২% সর্বোচ্চ |

(ঙ) রাই সরিষার খৈল

| পুষ্টি উপাদান | | |
|---|---|---|
| আর্দ্রতা | ঃ | ১২% সর্বোচ্চ |
| আমিষ | ঃ | ৩২% সর্বনিম্ন |
| স্নেহ/তেল | ঃ | ০১% সর্বনিম্ন |
| ভস্ম বা ছাই | ঃ | ১২% সর্বোচ্চ |
| ফাইভার (আঁশ) | ঃ | ১২% সর্বোচ্চ |

(চ) চালের কুঁড়া (আটো)

| পুষ্টি উপাদান | | |
|---|---|---|
| আর্দ্রতা | ঃ | ১২% সর্বোচ্চ |
| আমিষ | ঃ | ১১% সর্বনিম্ন |
| স্নেহ/তেল | ঃ | ১২% সর্বনিম্ন |
| ভস্ম বা ছাই | ঃ | ২০% সর্বোচ্চ |
| ফাইভার (আঁশ) | ঃ | ১৫% সর্বোচ্চ |

(ছ) সাধারণ চালের কুঁড়া

| পুষ্টি উপাদান | | |
|---|---|---|
| আর্দ্রতা | ঃ | ১২% সর্বোচ্চ |
| আমিষ | ঃ | ০৮% সর্বনিম্ন |
| স্নেহ/তেল | ঃ | ০৮% সর্বনিম্ন |
| ভস্ম বা ছাই | ঃ | ২০% সর্বোচ্চ |
| ফাইভার (আঁশ) | ঃ | ১৫% সর্বোচ্চ |

(জ) তেল নিষ্কাশিত চালের কুঁড়া

| পুষ্টি উপাদান | | |
|---|---|---|
| আর্দ্রতা | ঃ | ১০% সর্বোচ্চ |
| আমিষ | ঃ | ১৪% সর্বনিম্ন |
| স্নেহ/তেল | ঃ | ০.৫% সর্বনিম্ন |
| ভস্ম বা ছাই | ঃ | ২০% সর্বোচ্চ |
| ফাইভার (আঁশ) | ঃ | ২০% সর্বোচ্চ |

(ঝ) গমের ভুসি

| পুষ্টি উপাদান | | |
|---|---|---|
| আর্দ্রতা | ঃ | ১৪% সর্বোচ্চ |
| আমিষ | ঃ | ১২% সর্বনিম্ন |
| স্নেহ/তেল | ঃ | ৫% সর্বনিম্ন |
| ভস্ম বা ছাই | ঃ | ১৫% সর্বোচ্চ |
| ফাইভার (আঁশ) | ঃ | ১০% সর্বোচ্চ |

(ঞ) সয়াবিন মিল

| পুষ্টি উপাদান | | |
|---|---|---|
| আর্দ্রতা | ঃ | ১৪% সর্বোচ্চ |
| আমিষ | ঃ | ৪০% সর্বনিম্ন |
| স্নেহ/তেল | ঃ | ০১% সর্বনিম্ন |
| ভস্ম বা ছাই | ঃ | ১৫% সর্বোচ্চ |
| ফাইভার (আঁশ) | ঃ | ১০% সর্বোচ্চ |

## তফসিল-৪

(বিধি ২ ও ৬ দ্রষ্টব্য)

### মৎস্যখাদ্যে ব্যবহার উপযোগী ফিড এডিটিভসের তালিকা

১। Calcium citrate

২। Ascorbic acid

৩। Citric Acid

৪। Sorbic acid

৫। Potassium sorbate

৬। Calcium sorbate

৭। Tetra potassium diphosphate

৮। Monopotassium Orthophosphate

৯। Benzoic acid

১০। Sodium benzoate

১১। Potassium benzoate

১২। Calcium benzoate

১৩। Sulpher dioxide

১৪। Sodium Sulphite

১৫। Sodium Sorbate

১৬। Sodium Ascorbate

১৭। Sodium hydrozen sulphite

১৮। Potassium Ascorbate

১৯। Sodium Citrate

২০। Monosodium Orthophosphate

২১। Tetra sodium diphosphate

২২। Penta sodium triphosphate

২৩। Sodium mitabisulphite

২৪। Potassium mitabisulphite

২৫। Calcium sulphite

২৬। Calcium hydrozen sulphite

২৭। Potossium hydrozen sulphite

২৮। Sodium Triphosphate

২৯। Sokium poly phosphate

৩০। Potassium polyphosphate

৩১। Penta potassium triphosphate

৩২। Potassium Sulphate

৩৩। Potassium Citrate

৩৪। Potasium triphosphate

৩৫। Sodium-calcium polyphosphate

৩৬। Calcium polyphosphate

৩৭। Sorbitol

৩৮। Mannitol

৩৯। Isomalt

৪০। Maltitol

৪১। Lactitol

৪২। Xilitol

**তফসিল-৫**

(বিধি ২ ও ৬ দ্রষ্টব্য)

**মৎস্যখাদ্যে ব্যবহার উপযোগী ফিড বাইন্ডার-এর তালিকা**

1 Feed grade Tricalcium Phosphate;

2 Feed grade Monocalcium Phosphate;

3 Gelatin;

4 Corn gluten meal;

5 Spray-dried urea-formaldehyde resin in powder form;

6 Food-Grade Banana Powder;

7 Food-Grade Cassava Powder;

8 Feed-Grade Banana Powder (Pellet Binder); and

9 Industrial-Grade Banana Powder.

তফসিল-৪

(বিধি ২, ৬ ও ৮ দ্রষ্টব্য)

**(ক) কার্পজাতীয় মাছের জন্য তৈরিখাদ্যের আদর্শমাত্রা (শুষ্ক অবস্থায় শতকরা হিসাবে) ঃ**

| পুষ্টি উপাদান | মাত্রা | খাদ্যের নাম | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | নার্সারী | স্টার্টার (১-২) | স্টার্টার-৩ | গ্রোয়ার | ফিনিশার |
| আর্দ্রতা | সর্বোচ্চ | ১২.০ | ১২.০ | ১২.০ | ১২.০ | ১২.০ |
| আমিষ | সর্বনিম্ন | ২৮.০ | ২৬.০ | ২৪.০ | ২২.০ | ২১.০ |
| স্নেহ/তেল | সর্বনিম্ন | ৭.০ | ৬.০ | ৬.০ | ৫.০ | ৪.০ |
| শর্করা | সর্বোচ্চ | ৩০.০ | ৩২.০ | ৩৫.০ | ৪০.০ | ৪১.০ |
| ফাইবার (আঁশ) | সর্বোচ্চ | ৬.০ | ৮.০ | ৮.০ | ৯.০ | ১০.০ |
| ভস্ম বা ছাই | সর্বোচ্চ | ১৭.০ | ১৮.০ | ১৯.০ | ২১.০ | ২২.০ |
| ক্যালসিয়াম | সর্বোচ্চ | ২.২০ | ২.০০ | ১.৯০ | ১.৮০ | ১.৭ |
| ফসফরাস | সর্বনিম্ন | ০.৮ | ০.৭ | ০.৭ | ০.৬০ | ০.৫০ |

**(খ) ক্যাট ফিশ (পাঙ্গাস, শিং ও মাগুর জাতীয় মাছ) -এর জন্য তৈরিখাদ্যের আদর্শমাত্রা (শুষ্ক অবস্থায় শতকরা হিসাবে) ঃ**

| পুষ্টি উপাদান | মাত্রা | খাদ্যের নাম | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | নার্সারী | স্টার্টার (১-২) | স্টার্টার-৩ | গ্রোয়ার | ফিনিশার |
| আর্দ্রতা | সর্বোচ্চ | ১২.০ | ১২.০ | ১২.০ | ১২.০ | ১২.০ |
| আমিষ | সর্বনিম্ন | ৩২.০ | ৩০.০ | ২৮.০ | ২৫.০ | ২৪.০ |
| স্নেহ/তেল | সর্বনিম্ন | ৮.০ | ৭.০ | ৭.০ | ৬.০ | ৫.০ |
| শর্করা | সর্বোচ্চ | ২৬.০ | ৩০.০ | ৩৩.০ | ৩৭.০ | ৩৮.০ |
| ফাইবার (আঁশ) | সর্বোচ্চ | ৫.০ | ৬.০ | ৭.০ | ৮.০ | ৯.০ |
| ভস্ম বা ছাই | সর্বোচ্চ | ১৮.০ | ২০.০ | ২১.০ | ২৩.০ | ২৪.০ |
| ক্যালসিয়াম | সর্বোচ্চ | ২.২ | ২.১ | ১.৯ | ১.৯ | ১.৮ |
| ফসফরাস | সর্বনিম্ন | ০.৯ | ০.৮ | ০.৭ | ০.৭ | ০.৬ |

(গ) কৈ মাছের জন্য তৈরি খাদ্যের আদর্শমাত্রা (শুষ্ক অবস্থায় শতকরা হিসাবে) ঃ

| পুষ্টি উপাদান | মাত্রা | খাদ্যের নাম | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | নার্সারী | ষ্ট্যার্টার (১-২) | ষ্ট্যার্টার-৩ | গ্রোয়ার | ফিনিশার |
| আর্দ্রতা | সর্বোচ্চ | ১২.০ | ১২.০ | ১২.০ | ১২.০ | ১২.০ |
| আমিষ | সর্বনিম্ন | ৩৫.০ | ৩৩.০ | ৩৩.০ | ৩২.০ | ৩২.০ |
| স্নেহ/তেল | সর্বনিম্ন | ৮.০ | ৮.০ | ৭.০ | ৬.০ | ৬.০ |
| শর্করা | সর্বোচ্চ | ২৪.০ | ২৮.০ | ২৮.০ | ৩৪.০ | ৩৫.০ |
| ফাইবার (আঁশ) | সর্বোচ্চ | ৪.০ | ৫.০ | ৬.০ | ৬.০ | ৬.০ |
| ভস্ম বা ছাই | সর্বোচ্চ | ১৬.০ | ১৮.০ | ১৮.০ | ২০.০ | ২১.০ |
| ক্যালসিয়াম | সর্বোচ্চ | ২.১ | ২.০ | ২.০ | ১.৮ | ১.৭ |
| ফসফরাস | সর্বনিম্ন | ০.৭ | ০.৬ | ০.৬ | ০.৫ | ০.৪ |

(ঘ) তেলাপিয়া মাছের জন্য তৈরি খাদ্যের আদর্শমাত্রা (শুষ্ক অবস্থায় শতকরা হিসাবে) ঃ

| পুষ্টি উপাদান | মাত্রা | খাদ্যের নাম | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | নার্সারী | ষ্ট্যার্টার (১-২) | ষ্ট্যার্টার-৩ | গ্রোয়ার | ফিনিশার |
| আর্দ্রতা | সর্বোচ্চ | ১২.০ | ১২.০ | ১২.০ | ১২.০ | ১২.০ |
| আমিষ | সর্বনিম্ন | ৩০.০ | ২৮.০ | ২৭.০ | ২৫.০ | ২৪.০ |
| স্নেহ/তেল | সর্বনিম্ন | ৬.০ | ৬.০ | ৫.০ | ৫.০ | ৫.০ |
| শর্করা | সর্বোচ্চ | ২৮.০ | ৩০.০ | ৩২.০ | ৩৮.০ | ৪০.০ |
| ফাইবার (আঁশ) | সর্বোচ্চ | ৫.০ | ৭.০ | ৭.০ | ৮.০ | ৯.০ |
| ভস্ম বা ছাই | সর্বোচ্চ | ১৬.০ | ১৮.০ | ১৮.০ | ২০.০ | ২২.০ |
| ক্যালসিয়াম | সর্বোচ্চ | ২.৩ | ২.১ | ২.০ | ১.৯ | ১.৮ |
| ফসফরাস | সর্বনিম্ন | ০.৮ | ০.৭ | ০.৬ | ০.৫ | ০.৪ |

(ঙ) স্বাদুপানির চিংড়ির জন্য তৈরি খাদ্যের আদর্শমাত্রা (শুষ্ক অবস্থায় শতকরা হিসাবে) ঃ

| পুষ্টি উপাদান | মাত্রা | খাদ্যের নাম | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | নার্সারী | ষ্ট্যার্টার (১-২) | ষ্ট্যার্টার-৩ | গ্রোয়ার | ফিনিশার |
| আর্দ্রতা | সর্বোচ্চ | ১২.০ | ১২.০ | ১২.০ | ১২.০ | ১২.০ |
| আমিষ | সর্বনিম্ন | ৩২.০ | ৩১.০ | ৩০.০ | ২৯.০ | ২৮.০ |
| স্নেহ/তেল | সর্বনিম্ন | ৭.০ | ৬.০ | ৬.০ | [illegible] | ৫.০ |
| শর্করা | সর্বোচ্চ | ২৫.০ | ২৮.০ | ২৯.০ | ৩৫.০ | ৩৬.০ |
| ফাইবার (আঁশ) | সর্বোচ্চ | ৪.০ | ৫.০ | ৬.০ | ৭.০ | ৭.০ |
| ভস্ম বা ছাই | সর্বোচ্চ | ১৭.০ | ১৯.০ | ২০.০ | ২১.০ | ২২.০ |
| ক্যালসিয়াম | সর্বোচ্চ | ৩.২ | ৩.০ | ২.৮ | ২.৬ | ২.৫ |
| ফসফরাস | সর্বনিম্ন | ১.৫ | ১.৪ | ১.৩ | ১.২ | ১.০ |

(চ) লোনা পানির চিংড়ির জন্য তৈরি খাদ্যের আদর্শমাত্রা (শুষ্ক অবস্থায় শতকরা হিসাবে) ঃ

| পুষ্টি উপাদান | মাত্রা | খাদ্যের নাম | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | নার্সারী | ষ্ট্যার্টার (১-২) | ষ্ট্যার্টার-৩ | গ্রোয়ার | ফিনিশার |
| আর্দ্রতা | সর্বোচ্চ | ১২.০ | ১২.০ | ১২.০ | ১২.০ | ১২.০ |
| আমিষ | সর্বনিম্ন | ৪০.০ | ৩৬.০ | ৩৪.০ | [illegible] | ৩২.০ |
| স্নেহ/তেল | সর্বনিম্ন | ৫.০ | ৫.০ | ৪.০ | ৪.০ | ৪.০ |
| শর্করা | সর্বোচ্চ | ২২.০ | ২৪.০ | ২৬.০ | ২৮.০ | ৩০.০ |
| ফাইবার (আঁশ) | সর্বোচ্চ | ৫.০ | ৫.০ | ৫.০ | ৬.০ | ৬.০ |
| ভস্ম বা ছাই | সর্বোচ্চ | ১৬.০ | ১৮.০ | ১৮.০ | ১৯.০ | ২০.০ |
| ক্যালসিয়াম | সর্বোচ্চ | ৩.০ | ২.৭ | ২.৫ | ২.১ | ২.০ |
| ফসফরাস | সর্বনিম্ন | ১.৬ | ১.৫ | ১.৪ | ১.৩ | ১.২ |

**তফসিল-৭**

(বিধি ৭ দ্রষ্টব্য)

**মৎস্যখাদ্যে ক্ষতিকর রাসায়নিক দ্রব্যাদির তালিকা**

**Group A :**

(1) Anabolizan (Hormones) and prohibited substances:

(a) All Stilbens, substances produced from Stilbens. their salts and esters.

(b) Steroids. anabolic steroids.

(2) Antibiotics and Pharmacologically active substances

(a) Chloramphenicol

(b) Chloroform

(c) Chlorpromazine

(d) Colchicine

(e) Depsone

(f) Dimefridiazole

(g) Metronidazole

(h) Nitrofurans. including metabolites

(i) Ronodazone

**Group B :**

1. Active Pharmacological Substances (Antibacterial Substances)

(a) **Sulphonamides,** All substances belonging to the sulphonamide group :

(b) **Diamino prymidine derivatives** : Trimethoprim, Amoxicylin: Ampiciline. Benzylpenicline. Cloxacillin. Dicloxacillin. Oxacillin:

(c) **Quinolones:** Flumequine. Sarafloxacin:

(d) Tetracyclines: Tetracycline, Chlortetracycline. Oxytetracycline:

2. **Organophospherus compound :** Azamethiphos. Diazinon. Acephate. Fenitrothion. Malathion. Quinalphos.

3. Environmental contaminants: Organochlorines. DDT, Aldrin, Endrin, Dieldrin, Heptachlor. Endosulphan. PcBs.

4. **Chemical substances:**

Lead, Mercury, Cadmium, Chromium, Arsenic:

5. **Micotoxin:** Aflatoxin (Group B1,B2.G1,G2)

6. **Anthelmintics:** Flubendazole.

7. **Dayes:**

(a) Malachite green:

(b) Leucomalachite green:

(c) Crystal violet:

(d) Leucocrystal violet

## তফসিল-৭(ক)

(বিধি - ১০ দ্রষ্টব্য)

মৎস্যখাদ্যে এন্টিব্যাক্টেরিয়াল সাবষ্ট্যান্স ও রাসায়নিক পদার্থ ব্যবহার এর গ্রহণযোগ্য মাত্রা সম্বলিত তালিকা যাহা অত্যাবশ্যক প্রয়োজন হেতু ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার লিখিত অনুমতি সাপেক্ষে ব্যবহার করিতে হইবে এবং উক্ত এন্টিব্যাক্টেরিয়াল সাবষ্ট্যান্স ও রাসায়নিক পদার্থ এর অবশিষ্টাংশ (Residue) এর উপস্থিতি পরীক্ষা করিতে হইবে।

১। গ্রুপ এ$_১$ ঃ স্টীলবিনস এবং তাহার সহযোগীয় লবন ও এ্যাস্টারঃ

| সাবষ্ট্যান্সের নাম | গ্রহণযোগ্য মাত্রা |
|---|---|
| ডাই ইথাইল ষ্টীলবেসটারোল | ০০ পিপিবি |

২। গ্রুপ এ$_৩$ ঃ স্টেরয়েড ও এনাবোলিক স্টেরয়েড ঃ

| সাবষ্ট্যান্সের নাম | গ্রহণযোগ্য মাত্রা |
|---|---|
| (ক) টেষ্টোষ্টারোন | ০০ পিপিবি |
| (খ) ১৯ - - নর টষ্টোষ্টারোন | ০০ পিপিবি |
| (গ) ১৭ - - ইষ্ট্রাডায়ল | ০০ পিপিবি |

৩। গ্রুপ এ$_৬$ ঃ নিষিদ্ধ এন্টিবায়োটিক (ফারমাকোলজিক্যালি একটিভ সাবষ্ট্যান্সঃ

| সাবষ্ট্যান্সের নাম | গ্রহণযোগ্য মাত্রা |
|---|---|
| (ক) ক্লোরামফেনিকল - | ০০ পিপিবি |
| (খ) ফুরাজোলিডন মেটাবোলাইট (AOZ) | ০০ পিপিবি |
| (গ) ফুরালটাডন মেটাবোলাইট (AMOZ) | ০০ পিপিবি |
| (ঘ) নাইট্রোফুরানটয়েন মেটাবোলাইট (AHD) | ০০ পিপিবি |
| (ঙ) নাইট্রোফুরাজন মেটাবোলাইট (SEM) | ০০ পিপিবি |

৪। গ্রুপ বি$_১$ ঃ এন্টিব্যাক্টেরিয়াল সাবষ্ট্যান্সঃ

| সাবষ্ট্যান্সের নাম | গ্রহণযোগ্য মাত্রা |
|---|---|
| (ক) টেট্রাসাইক্লিন | ১০০ পিপিবি |
| (খ) অক্সিটেট্রাসাইক্লিন | ১০০ পিপিবি |
| (গ) ক্লোরটেট্রাসাইক্লিন | ১০০ পিপিবি |

৫ গ্রুপ বি$_২$ (এ) ঃ এ্যানথালমিনটিক্স (এন্টিহেলমিনটিক্স)ঃ

| সাবষ্ট্যান্সের নাম | গ্রহণযোগ্য মাত্রা |
|---|---|
| (ক) ফ্লুবেনডাজোল | ০৫ পিপিবি |
| (খ) মেবেনডাজোল | ০৫ পিপিবি |

—

৬। গ্রুপ বি$_3$ (এ) ঃ অর্গানোক্লোরাইড পেষ্টিসাইডঃ

| সাবষ্ট্যান্সের নাম | গ্রহণযোগ্য মাত্রা |
|---|---|
| (ক) অলড্রিন | ০.০৭৫ পিপিএম |
| (খ) ডিডিটি | ১.০০০ পিপিএম |
| (গ) হেপ্টাক্লোর | ০.০০৫ পিপিএম |
| (ঘ) ডাইএলড্রিন | ০.০০৫ পিপিএম |
| (ঙ) এন্ড্রিন | ০.০১০ পিপিএম |

৭। গ্রুপ বি$_3$ (সি) ঃ কেমিক্যাল ইলিমেন্টঃ

| সাবষ্ট্যান্সের নাম | গ্রহণযোগ্য মাত্রা |
|---|---|
| (ক) লেড | ০.৫০ পিপিএস (চিংড়ী) |
| | ০.৩০ পিপিএম (মাছ) |
| (খ) ক্যাডমিয়াম | ০.৫০ পিপিএম (চিংড়ী) |
| | ০.০৫ পিপিএম (মাছ) |
| (গ) মারকারী | ০.৫০ পিপিএম (চিংড়ী ও মাছ) |
| (ঘ) ক্রোমিয়াম | ০.১০ পিপিএম (চিংড়ী ও মাছ) |
| (ঙ) আর্সেনিক | ১.০০ পিপিএম (চিংড়ী ও মাছ) |
| (চ) কপার | ৫.০০ পিপিএম (চিংড়ী ও মাছ) |
| (ছ) জিংক | ৫০.০০ পিপিএম (চিংড়ী ও মাছ) |

৮। গ্রুপ বি$_3$ (ডি) ঃ মাইকোটক্সিনঃ

| সাবষ্ট্যান্সের নাম | গ্রহণযোগ্য মাত্রা |
|---|---|
| (ক) আফলাটক্সিনস (গ্রুপ $B_1$) | ২.০০ পিপিবি |
| (খ) আফলাটক্সিন (গ্রুপ $B_1, B_2, G_1, G_2$) | ৪.০০ পিপিবি |

৯। গ্রুপ বি$_3$ (ই) ঃ ডাইসঃ

| সাবষ্ট্যান্সের নাম | গ্রহণযোগ্য মাত্রা |
|---|---|
| (ক) ম্যালাকাইট গ্রীন | ০০ পিপিবি |
| (খ) লিউকো ম্যালাকাইট গ্রীন | ০০ পিপিবি |
| (গ) ক্রিষ্টাল ভায়োলেট | ০০ পিপিবি |
| (ঘ) লিউকো ক্রিষ্টাল ভায়োলেট | ০০ পিপিবি |

| স্বত্বাধিকারীর সত্যায়িত পাসপোর্ট সাইজের ছবি (২ কপি) |
|---|

"ফরম-১"

(বিধি -৩ দ্রষ্টব্য)

**মৎস্যখাদ্য উৎপাদন, প্রক্রিয়াজাতকরণ ও সংরক্ষণকারী প্রতিষ্ঠানের জন্য লাইসেন্স এর আবেদনপত্র**

১। স্বত্বাধিকারীর নাম

পিতার নাম ঃ

মাতার নাম ঃ

বিস্তারিত ঠিকানা ঃ

২। প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা (ক) সদর দপ্তর ঃ

(খ) কারখানা ঃ

৩। উৎপাদিতব্য মৎস্যখাদ্যের ঃ
সংক্ষিপ্ত বিবরণ

৪। প্রস্তাবিত কারখানার উৎপাদন ক্ষমতা ঃ

৫। মৎস্যখাদ্য মজুদ ক্ষমতা ঃ

৬। কারখানার অবকাঠামোগত সুবিধাদি ঃ
(ভবন, যোগাযোগ ব্যবস্থা, পানি, বিদ্যুৎ, গ্যাস, পয়ঃনিষ্কাশন ও বর্জ্য ব্যবস্থাপনা ইত্যাদি)

৭। যন্ত্রপাতি ও সরঞ্জামাদির বিবরণ ঃ

৮। জনবলের তথ্যাদি (ক) সাধারণ ঃ

(খ) কারিগরী ঃ

৯। আয়কর পরিশোধের সনদ (হাল নাগাদ) ঃ

১০। ট্রেড লাইসেন্সের সত্যায়িত অনুলিপি ঃ

১১। আবেদন ফি জমাদানের রশিদ (মূল কপি) ঃ

১২। অন্যান্য তথ্যাদি (যদি থাকে) ঃ

আমি এই মর্মে ঘোষণা করিতেছি যে, উপরে বর্ণিত সমুদয় তথ্যাদি সঠিক। আমি আরও ঘোষণা করিতেছি যে, মৎস্যখাদ্য ও পশুখাদ্য আইন, ২০১০ এবং মৎস্যখাদ্য ও পশুখাদ্য বিধিমালা ২০১১ এ বর্ণিত আদর্শমাত্রা অনুযায়ী তৈরি মৎস্যখাদ্যে পুষ্টিমান বজায় রাখিব এবং সকল বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালন করিতে বাধ্য থাকিব।

স্বত্বাধিকারীর স্বাক্ষর

তারিখ ঃ

(সীলমোহর)

"ফরম-২"

(বিধি-৩ দ্রষ্টব্য)

স্বত্বাধিকারী সত্যায়িত পাসপোর্ট সাইজের ছবি (২ কপি)

**মৎস্যখাদ্য ও খাদ্য উপকরণ আমদানি/রপ্তানিকারক প্রতিষ্ঠানের জন্য লাইসেন্স-এর আবেদনপত্র**

| | | |
|---|---|---|
| ১। | স্বত্বাধিকারীর নাম | ঃ |
| | পিতার নাম | ঃ |
| | মাতার নাম | ঃ |
| | বিস্তারিত ঠিকানা | ঃ |
| ২। | প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | ঃ |
| ৩। | মালামাল সংরক্ষণাগারের ঠিকানা | ঃ |
| ৪। | আমদানি/রপ্তানির মূল লাইসেন্স-এর বিবরণ (সত্যায়িত কপি সংযুক্ত করিতে হইবে) | ঃ |
| ৫। | আবেদন ফি জমাদানের রশিদ (মূল কপি) | ঃ |
| ৬। | আয়কর পরিশোধের সনদপত্র (হাল নাগাদ) | ঃ |
| ৭। | অন্যান্য তথ্যাদি (যদি থাকে) | ঃ |

আমি এই মর্মে ঘোষণা করিতেছি যে, উপরে বর্ণিত সমুদয় তথ্যাদি সঠিক। আমি আরও ঘোষণা করিতেছি যে, মৎস্যখাদ্য ও পশুখাদ্য আইন, ২০১০ এবং মৎস্যখাদ্য বিধিমালা ২০১১-এ বর্ণিত বিধি-বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করিতে বাধ্য থাকিব।

স্বত্বাধিকারীর স্বাক্ষর

তারিখ ঃ

(সীলমোহর)

"ফরম-৩"

(বিধি-৩ দ্রষ্টব্য)

| |
|---|
| স্বত্বাধিকারী সত্যায়িত পাসপোর্ট সাইজের ছবি (২ কপি) |

**মৎস্যখাদ্য বিক্রয়কারীর জন্য লাইসেন্স-এর আবেদনপত্র**

১। স্বত্বাধিকারীর নাম ঃ

পিতার নাম ঃ

মাতার নাম ঃ

বিস্তারিত ঠিকানা ঃ

২। প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা ঃ

৩। বিক্রয়যোগ্য মৎস্যখাদ্যের সংক্ষিপ্ত বিবরণ ঃ

৪। প্রতিষ্ঠানের অবকাঠামোগত সুবিধাদি ঃ

৫। ট্রেড লাইসেন্সের সত্যায়িত অনুলিপি ঃ

৬। আবেদন ফি জমাদানের রশিদ (মূল কপি) ঃ

৭। অন্যান্য তথ্যাদি (যদি থাকে) ঃ

আমি এই মর্মে ঘোষণা করিতেছি যে, উপরে বর্ণিত সমুদয় তথ্যাদি সঠিক। আমি আরও ঘোষণা করিতেছি যে, মৎস্যখাদ্য ও পশুখাদ্য আইন, ২০১০ এবং মৎস্যখাদ্য বিধিমালা ২০১১-এ বর্ণিত বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালন করিতে বাধ্য থাকিবে।

স্বত্বাধিকারীর স্বাক্ষর

তারিখ ঃ

(সীলমোহর)

**ফরম-৪**
(বিধি-৩ দ্রষ্টব্য)
**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
.....................................
.....................................

পত্র নং তারিখ ঃ

**মৎস্যখাদ্য উৎপাদন ও প্রক্রিয়াজাতকরণ/মৎস্যখাদ্য আমদানি ও রপ্তানি/মৎস্যখাদ্য সংরক্ষণ ও বিক্রয় এর লাইসেন্স**

১। লাইসেন্স নম্বর ঃ প্রদানের তারিখ ঃ

২। ব্যক্তি/প্রতিষ্ঠানের নাম ঃ

৩। ব্যক্তি/প্রতিষ্ঠানের ধরন ঃ
(সরকারি/ব্যক্তি মালিকানাধীন/যৌথ মালিকানাধীন লিমিটেড কোম্পানী)

৪। ব্যক্তি/প্রতিষ্ঠানের স্বত্বাধিকারীর তথ্যাদি ঃ
(ক) নাম ও পদবী ঃ
(খ) পিতার নাম ঃ
(গ) মাতার নাম ঃ
(ঘ) বর্তমান ঠিকানা ঃ

(ঙ) স্থায়ী ঠিকানা ঃ

৫। লাইসেন্সের ক্যাটাগরি ঃ

৬। বার্ষিক মৎস্যখাদ্য উৎপাদন ও প্রক্রিয়াজাতকরণ ক্ষমতা/আমদানি-রপ্তানির পরিমাণ/বিক্রয়ের পরিমাণ ঃ

৭। লাইসেন্সের মেয়াদ ঃ ..................হইতে........................পর্যন্ত।

তারিখঃ

ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার নাম, পদবী ও স্বাক্ষর
(সীলমোহর)

**নবায়ন**

| নবায়নের মেয়াদ | | | নবায়নের তারিখ | ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার নাম, পদবী ও স্বাক্ষর |
|---|---|---|---|---|
| হইতে | পর্যন্ত | | | |
| | | নবায়ন করা হইল | | |
| | | নবায়ন করা হইল | | |
| | | নবায়ন করা হইল | | |
| | | নবায়ন করা হইল | | |
| | | নবায়ন করা হইল | | |

**ফরম-৫ক**

(বিধি-৬ দ্রষ্টব্য)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

......................................

......................................

পত্র নং তারিখ ঃ

বিষয়ঃ **মৎস্যখাদ্য উৎপাদন ও প্রক্রিয়াজাতকরণ/মৎস্যখাদ্য আমদানি ও রপ্তানি/মৎস্যখাদ্য সংরক্ষণ ও বিক্রয় এর লাইসেন্সের আবেদন নামঞ্জুর**

১। আবেদনকারী ব্যক্তি/প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা ঃ

২। আবেদনের তারিখ ঃ

৩। আবেদনকৃত লাইসেন্সের বিষয় ঃ

৪। লাইসেন্স প্রাপ্তির আবেদন না-মঞ্জুর হওয়ার কারণসমূহ ঃ

(ক)..............................................................

(খ)..............................................................

(গ)..............................................................

তারিখ ঃ

ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার স্বাক্ষর
(সীলমোহর)

**ফরম-৬**

(বিধি-১০ দ্রষ্টব্য)

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**

.......................................

.......................................

পত্র নং তারিখ ঃ

বিষয় ঃ **ভেজাল মৎস্যখাদ্য এবং এর উৎপাদন কাজে ব্যবহৃত পণ্য ও সরঞ্জামাদি বাজেয়াপ্তকরণ**

১। উৎপাদনকারী ব্যক্তি/প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা ঃ

২। স্বত্বাধিকারীর নাম ও ঠিকানা (ক) সদর দপ্তর ঃ

(খ) কারখানা ঃ

৩। উৎপাদনকারী প্রতিষ্ঠানের লাইসেন্স নম্বর ও প্রদানের তারিখ ঃ

৪। উৎপাদিত মৎস্যখাদ্যের সংক্ষিপ্ত বিবরণ ঃ

৫। ভেজাল মৎস্যখাদ্যের নমুনা সংগ্রহের তারিখ ঃ

৬। 'নমুনা' পরীক্ষাগারের (ক) নাম ও ঠিকানা ঃ

(খ) পরীক্ষার তারিখ ঃ

৭। মৎস্যখাদ্যে প্রাপ্ত ভেজাল উপকরণাদির বিবরণ ঃ

৮। ভেজাল মৎস্যখাদ্যের উৎপাদন ব্যাচের তথ্যাদি

(ক) লট নম্বর তারিখ ঃ

(খ) লটে মোট উৎপাদন ঃ

(গ) বর্তমান মজুদ খাদ্যের পরিমাণ ঃ

৯। বাজেয়াপ্তযোগ্য মৎস্যখাদ্যের বিবরণ ও পরিমাণ ঃ

১০। বাজেয়াপ্তযোগ্য মৎস্যখাদ্য উৎপাদন সংশ্লিষ্ট যন্ত্রপাতি/সরঞ্জামাদির বিবরণ ঃ

১১। বাজেয়াপ্তকরণের তারিখ ঃ

তারিখ ঃ

ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার স্বাক্ষর
(সীলমোহর)

রাষ্ট্রপতির আদেশক্রমে,

**ড. মোয়াজ্জেম হোসেন**
উপ-সচিব।

মোহাম্মদ জাকীর হোসেন (উপ-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
আবদুর রশিদ (উপ-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd